ঝিনাইদহের হাটগোপালপুরে আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ

আলজাজিরা টেলিভিশনে মিথ্যা সংবাদ প্রচার ও ষড়যন্ত্রের প্রতিবাদে ঝিনাইদহে আওয়ামী লীগের বিক্ষোভ সশাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকালে সদর উপজেলার পূর্বাঞ্চল আওয়ামী লীগের আয়োজনে হাটগোপালপুর বাজারে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
পদ্মাকর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাহাবুদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে ইউপি চেয়ারম্যান সৈয়দ নিজামুল গনি লিটু’র পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি তৈয়ব আলী জোয়ার্দ্দার। এছাড়াও যুগ্ম-সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, ধর্ম বিষয়ক সম্পাদক এস এম আনিছুর রহমান খোকা, হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক জাহাঙ্গীর হুসাইন, জজ কোর্টের জিপি এ্যাড. বিকাশ কুমার ঘোষ, আওয়ামী লীগ নেতা গোলাম সরোয়ার খান সউদ, সদর থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জে এম রশীদুল আলম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা পরিষদের সদস্য ইমাজুল হক, ফুরসন্ধি ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড. আব্দুল মালেক মিনা, নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কবির হোসেন, দোগাছি ইউনিয়নের চেয়ারম্যান ইছাহাক আলী জোয়ার্দ্দার, কুমড়াবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান আশরাফুল ইসলাম, সাধুহাটি ইউনিয়নের চেয়ারম্যান কাজী নাজির উদ্দিন, হরিশংকরপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুমসহ স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
এ সময় প্রধান অতিথি বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ আরও এক ধাপ উন্নয়নের শিখরে পৌঁছাবে। সকল ভেদাভেদ ভুলে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগকে আরও শক্তিশালী করতে সকলের প্রতি আহবান জানান। এছাড়াও বক্তারা আলজাজিরাকে জঙ্গিবাদি টেলিভিশন উল্লেখ করে বাংলাদেশে সম্প্রচার বন্ধের দাবি জানান।

আলী মুনছুর বাবুর খুলনা বিভাগীয় কমিশনারের সাথে সাক্ষাৎ

খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার ইসমাইল হোসেন (এনডিসি)’র সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। গতকাল শনিবার বেলা ৩ টার দিকে খুলনা বিভাগীয় কমিশনার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎ কালে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু দামুড়হুদা উপজেলাকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে সকল উন্নয়নমূলক কর্মকাণ্ডের চিত্র তুলে ধরেন।

কালীগঞ্জ পৌরসভা নির্বাচন উপলক্ষ্যে বিজিবি মোতায়েন

রাত পোহালেই কালীগঞ্জ পৌরসভা নির্বাচন। কালীগঞ্জ পৌরবাসী পেয়ে যাবেন আগামী ৫ বছরের জন্য নগরপিতা। এবারই প্রথম এ পৌরসভায় ইভিএম মেশিনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।
কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে ৪ জন মেয়র প্রার্থী প্রতিদ্বন্দি¦তা করছেন। তারা হলেন- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত ধানের শীষ প্রতীকের আলহাজ্ব মাহাবুবার রহমান, বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ, স্বতন্ত্র নারিকেল গাছ প্রতীকের এনামুল হক ইমান ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলন মনোনীত হাত পাখা প্রতীকের নুরুল ইসলাম।
৫ম ধাপে ঝিনাইদহের কালীগঞ্জ নির্বাচনের ভোট গ্রহণের জন্য কেন্দ্রে সরঞ্জাম পৌঁছিয়েছে। গতকাল শনিবার দুপুর ২টা থেকে উপজেলা রিটানিং কর্মকর্তার কার্যালয় থেকে ইভিএম মেশিন, ট্যাব

সরঞ্জাম বিতরণ করা হয়েছে ।
জেলা রিটানিং কর্মকর্তা রোকুনুজ্জামান জানান, ভোট কেন্দ্রে বিজিবি, পুলিশ, আনসার, স্ট্রাইকিং ফোর্স, মোবাইল কোট টিম, নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযুক্ত করা হয়েছে। কালীগঞ্জে প্রথম ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ।
ঝিনাইদহের কালীগঞ্জে পৌরসভা নির্বাচনে ৪ জন মেয়র প্রার্থী, ৯টি সাধারণ ওয়ার্ডে ৪৭ জন পুরুষ কাউন্সিলর ও ৩টি সংরক্ষিত আসনে ৯ জন মহিলা কাউন্সিলর প্রার্থী প্রতিদ্বন্দি¦তা করছেন। কালীগঞ্জ পৌর এলাকায় ৩ প্লাটুন বিজিবি মোতায়ন করা হয়েছে ।
কালীগঞ্জ পৌরসভায় মোট ভোটার ৪০ হাজার ৫৭৭ জন। এর মধ্যে পুরুষ ২০ হাজার ১৫৬ জন এবং মহিলা ২০ হাজার ৪২১ জন।

দামুড়হুদা উপজেলা শাখার আয়োজনে জাসদের মানববন্ধন কর্মসূচি পালন

দামুড়হুদায় বাংলাদেশ জাসদের দামুড়হুদা উপজেলা শাখার আযোজনে ইউনিয়ন পরিষদসহ সকল স্থানীয় সরকারের দলীয় মার্কা মুক্ত নির্বাচনের দাবীতে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন।
জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের চৌ-রাস্তার মোড়ে বিকার ৫ টার দিকে বাংলাদেশ জাসদের চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা শাখার আযোজনে এ মানববন্ধন কর্মসূচি উপজেলা জাসদ নেতা আতিয়ার রহমান তেলার সভাপতিত্বে পালন করা হয়েছে। মানববন্ধন কর্মসূচি প্রধান অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ জাসদের কেন্দ্রীয় স্থায়ী কমিটির সদস্য ও চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি বীরমুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।
মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন জাসদের চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক শামসুল আলমসহ উজ্জ্বল, রোকন, আশরাফুল আলম, তারিকুল রহমান প্রমুখ। মানববন্ধন কর্মসূচির বক্তব্যে আনিয়ারুল ইসলাম বাবু ইউনিয়ন পরিষদসহ সকল স্থানীয় সরকারের দলীয় মার্কা মুক্ত নির্বাচনের দাবীর জোর দাবী জানন।

এ সময় তিনি কৃষক ভাইদের লক্ষ্যে দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামানের উদ্দেশ্য করে বলেন কৃষকরা যাতে করে তাদের উৎপাদনকৃত মূল্যবান ফসল ন্যায্যমূলে বিক্রয় করতে পারেন সে বিষয়টি গুরুত্বের সাথে দেখার জন্য অনুরোধ করেন। ধানের সীজনে সরকারের নির্ধারিত মূল্যে ধান বিক্রয়ের স্লিপ যাতে প্রকৃতি কৃষক ভায়েরা পেয়ে উপকৃত হতে পারেন তার সুব্যবস্থা করার দাবী জানান।

বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-পার্থী শাহীন উদ্দীন শাহীন এর নির্বাচনী কর্মীসভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ও মুজিবনগর উপজেলার ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ-প্রার্থী মেহেরপুর জেলা পরিষদের সদস্য এবং বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক শাহীন উদ্দীন শাহীনের সমর্থনে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগরের আনন্দবাস গ্রামের ৭,৮,৯ ওয়ার্ডবাসির আয়োজনে এ নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী কর্মীসভায় বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন এর সভাপতিত্বে, কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য ও আসন্ন বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-প্রার্থী শাহীন উদ্দীন শাহীন। কর্মীসভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ।
নির্বাচনী কর্মীসভায় আগামী নির্বাচনে শাহীন উদ্দীন শাহীনকে বাগোয়ান ইউনিয়নের নৌকার পার্থী হিসেবে আওয়ামী লীগের মনোনয়ন

দিয়ে চেয়ারম্যান নির্বাচিত করতে আনন্দবাস গ্রামের ৭,৮,৯ নং ওয়ার্ডের সর্বস্তরের জনসাধারণ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এর কাছে দাবি জানান।

সাংবাদিক মুজাক্কির হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

নোয়াখালীর কোম্পানীগঞ্জে আ. লীগের দু’পক্ষের সংঘর্ষ চলাকালে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সন্ত্রাসীদের গুলিতে নিহত সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার প্রতিবাদ ও মূল হোতাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের আয়োজনে স্থানীয় পৌর বাজার পায়রা চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার পেশাজীবী সাংবাদিকরা অংশ নেয়। বক্তারা সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার মূল হোতাদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে সারাদেশে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি অনুরোধ জানান।
এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল, সহ-সভাপতি আলামগীর খাঁন, সাংবাদিক ইসমাঈল হোসেন, রিপোটার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার, উপজেলা সাংবাদিক ইউনিয়ন (কেইউজে) সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খাঁন, সহ-সভাপতি আজিজুল হক, সিনিয়র সদস্য শামীম রেজা, কোটচাঁদপুর রিপোটার্স ইউনিটির যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ বাশারসহ রিপোটার্স ইউনিটির সদস্যবৃন্দ।
প্রসঙ্গত গত ১৯ ফেব্রুয়ারি সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির নোয়াখালীর চাপরাশির হাট বাজারে আ. লীগের দু’গ্রুপের সংঘর্ষের

সময় পেশাগত দায়িত্ব পালনকালে গুলিবিদ্ধ হয়ে গুরতর আহত হন। পরে তাকে উন্নত চিকিৎসাল জন্য ঢাকা মেডিক্যালে নেয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত ২০ ফেব্রুয়ারি তিনি মারা যান।

ঝিনাইদহে ঘর পেল অরও ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবার

ঝিনাইদহে ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবারকে মুজিববর্ষের উপহার হিসেবে গুচ্ছগ্রামের ঘর বুঝিয়ে দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকালে সদর উপজেলার ফকিরাবাদ গ্রামের ‘বঙ্গবন্ধু পল্লী ও ধানমন্ডি-৩২’ গুচ্ছগ্রামের ঘর পাওয়া সুবিধাভোগিদের মাঝে ঘর বুঝিয়ে দেওয়া হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান এ্যাডভোকেট আব্দুর রশীদ, সদর উপজেলা কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এসিল্যান্ড খাঁন মোঃ আব্দুল্লা আল মামুন, নির্বাহী ম্যাজিস্ট্রেট শরিফুল হক, এমএম নুরুন্নবী, তানভীর হাসান তুরান, কামরুজ্জামান সরকার, ভূমি কর্মকর্তা এমএ কাইয়ুম মুক্ত, পাগলাকানাই ইউপি চেয়ারম্যান এ কে এম নজরুল ইসলাম, ইউপি সদস্য আসাদুজ্জামান সুজন, চান মিয়া, নাজিম উদ্দিন বিশ্বাস ও সংরক্ষিত মহিলা সদস্য সালেহ বেগম। আলোচনা সভা শেষে লটারির মাধ্যমে সুবিধাভোগিদের ঘর বিভাজন করে বুঝিয়ে দেওয়া হয়। নতুন ঘর বুঝে পেয়ে খুশি হতদরিদ্র পরিবারগুলো।

কুষ্টিয়ায় পৌর মেয়রকে মৌবনের

শুভেচ্ছা

কুষ্টিয়া পৌরসভার নবনির্বাচিত মেয়র আনোয়ার আলীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার পক্ষ থেকে তাঁকে (মেয়র) এই ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
গতকাল বুধবার দুপুরে পৌরসভায় মেয়র কার্যালয়ে কুষ্টিয়ার মেয়র আনোয়ার আলীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার অফিস এক্সিকিউটিভ মীর তনিমা, কর্মকর্তা ইমদাদসহ অন্যান্য কর্মকর্তারা মেয়রের হাতে ফুল ও মিষ্টি তুলে দেন।
এ সময় সংশ্লিষ্ট কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় কঠোর নিরাপত্তায় বিআরডিবির নির্বাচন, ৩৪ ভোটে রবিউল ইসলামের জয়

আলমডাঙ্গায় কঠোর পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে বিআরডিবি সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন। নির্বাচনে মো: রবিউল ইসলাম বিজয়ী হয়েছেন।
এবারের নির্বাচনে মোট ৩জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করেন। প্রার্থীরা হলেন মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক, মোঃ বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক ও খন্দকার বজলুল করিম আম প্রতীক। গতকাল মঙ্গলবার সকাল ১০ থেকে এ নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়। দুপুর ২ টার মধ্যে সমিতির ৭৭ জন ভোটার ভোট প্রয়োগ করেন।
এ নির্বাচনে মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক নিয়ে ৩৪ ভোট পেয়ে বিআরডিবির সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দি¦ মো: বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক নিয়ে পেয়েছেন ২৪ ভোট। এ ছাড়াও খন্দকার বজলুল করিম আম প্রতীক নিয়ে পেয়েছেন ১৯ ভোট। এদিকে বিনা প্রতিদ্বন্দিতায় সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন নাসির

উদ্দিন, সদস্য মোছাঃ রোকেয়া খাতুন, কাজী আব্দুল মোমেন। বিজয়ী প্রার্থী রবিউল ইসলাম তার প্রতিক্রীয়ায় বলেন, যারা আমাকে বিজয়ী করেছেন তাদের অসংখ্য ধন্যবাদ। সেই সাথে পুলিশ বাহিনীর সদস্য ও সাংবাদিকদের অসংখ্য ধন্যবাদ জানায়।
উল্লেখ্য ইতোপূর্বে রবিউল ইসলাম ১৯৯৫ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত আলমডাঙ্গা বিআরডিবির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন।

ঝিনাইদহের শৈলকুপায় নৌকা প্রতীকের নির্বাচনী জনসভা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে নৌকা প্রতীকের নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে দুধসর ও ফুলহরি ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ভাটই বাজারে এ নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়।
দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম সরোয়ারের সভাপতিত্বে ও ফুলহরি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জামিনুর রহমান বিপুল এর পরিচালনায় নির্বাচনী জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, সহ-সভাপতি মকবুল হোসেন, তৈয়ব আলী জোয়ার্দ্দার, জেলা বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক এ্যাড. ইসমাইল হোসেন, কোষাধ্যক্ষ জোয়াদ আলী বিশ্বাস, শৈলকুপা উপজেলা পরিষদের উপ-নির্বাচনে নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থী শেফালী বেগম, সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, উপ-প্রচার সম্পাদক এস এম সাহাবুদ্দিন সাবু, সদস্য নায়েব আলী জোয়ার্দ্দার, শৈলকুপা উপজেলা যুবলীগের সভাপতি শামীম হোসেন মোল্ল্যা, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদসহ আওয়ামী লীগ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ।
এ সময় বক্তারা আগামী ২৮ ফেব্রুয়ারি শৈলকুপা উপজেলা পরিষদের উপ-নির্বাচনে সকলে ঐক্যবদ্ধ হয়ে চেয়ারম্যান পদে নৌকা প্রতীকের প্রার্থী শেফালী বেগমকে বিপুল ভোটে বিজয়ী করার আহবান জানান। উল্লেখ্য, গত ২০২০ সালের ৪ নভেম্বর শৈলকুপা উপজেলা চেয়ারম্যান